গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ই-সার্ভিস ইমপ্লিমেন্টেশন শাখা
www.ictd.gov.bd

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫৬.০০.০০০০.০৫৮.০৬.০০১.২২.১৩৩

বিষয়: **স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে গঠিত ৫ ও ১৪ নং উপ-কমিটির কর্মপরিকল্পনা প্রণয়নের কৌশল নির্ধারণ এবং অধিক্ষেত্র বাছাই বিষয়ক কর্মশালায় প্রতিনিধি মনোনয়ন এবং প্রস্তুতিমূলক অনলাইন সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্মারক নং: ৫৬.০০.০০০০.০৫৮.০৬.০০১.২২.১৩০; তারিখ: ১৯ নভেম্বর ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৩ আগষ্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স এর ১ম সভায় স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের বিভিন্ন অধিক্ষেত্রে স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের অধীনে ১৫ (পনের)টি উপ-কমিটি গঠন করা হয়। গঠিত উপ-কমিটিসমূহের কর্মপরিকল্পনা প্রণয়নে করণীয় নির্ধারণের লক্ষ্যে প্রতিটি উপ-কমিটির সদস্য-সচিব ও সংশ্লিষ্টদের নিয়ে গত ২৯/১০/২০২৩ খ্রি. তারিখে এ বিভাগে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রাপ্ত মতামত/পরামর্শ অনুযায়ী প্রতিটি উপ-কমিটির সদস্যবৃন্দ এবং সংশ্লিষ্টদের সমন্বয়ে পৃথকভাবে ০৩ দিন ব্যাপী কর্মশালা আয়োজনের জন্য আইসিটি বিভাগ হতে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। **উল্লেখ্য, অনুষ্ঠিতব্য ৩ দিন ব্যাপী কর্মশালা থেকে প্রাপ্ত ফলাফল জানুয়ারী ২০২৪ এর শেষ সপ্তাহে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়ের নিকট উপস্থাপনার নির্দেশনা রয়েছে।**

০২। সেই প্রেক্ষিতে, গঠিত উপ-কমিটির মধ্যে যথাক্রমে **৫ নম্বর উপকমিটি অর্থ বিভাগের** 'স্মার্ট আর্থিক অন্তর্ভুক্তি, ক্যাশলেস সমাজ, বাণিজ্য, বিনিয়োগ, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা এবং ব্যবসা-বান্ধব পরিবেশ' সংক্রান্ত উপ-কমিটি এবং **১৪ নম্বর উপকমিটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের** 'ইনোভেটিভ সার্ভিস ডেলিভারি, তথ্য-উপাত্ত ভিত্তিক গভর্নেন্স এবং সাশ্রয়ী ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচার' সংক্রান্ত উপ-কমিটির আওতাভুক্ত মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সংশ্লিষ্টদের সমন্বয়ে উপ-কমিটির কর্মপরিকল্পনা প্রণয়নের কৌশল নির্ধারণ এবং অধিক্ষেত্র বাছাই বিষয়ক কর্মশালা **আগামী ১৯ থেকে ২১ ডিসেম্বর ২০২৩ তারিখ ৩ দিন ব্যাপী সকাল ৯:০০ থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত ডাকভবন, আগারগাঁও, ঢাকাতে অনুষ্ঠিত হবে।** এ-কর্মশালায় অংশগ্রহণের জন্য **সংযুক্ত নির্দেশিকা অনুযায়ী** আগামী ১৭ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে প্রতিনিধি মনোনয়নের তথ্য (নাম, পদবী, মোবাইল, ই-মেইল, প্রতিষ্ঠানের নাম) ই-মেইলে (golam.sarwar@a2i.gov.bd) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। উপরে-উল্লেখিত, ৫ ও ১৪ নং উপ-কমিটির কর্মপরিকল্পনা প্রণয়নের কৌশল নির্ধারণ এবং অধিক্ষেত্র বাছাই বিষয়ক কর্মশালার উদ্যোগ গ্রহণ হিসেবে কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত বিভিন্ন ধরনের ছক এর ব্যবহার এবং স্মার্ট বাংলাদেশ কর্ম-পরিকল্পনা বিষয়ক অনলাইন সিস্টেম-এ তথ্য প্রদান বিষয়ে অবহিতকরণের লক্ষ্যে **আগামী ১৪ ডিসেম্বর ২০২৩ তারিখ দুপুর ২:৩০ টায় একটি প্রস্তুতিমূলক অনলাইন সভা** অনুষ্ঠিত হবে। এ অনলাইন সভায় অংশগ্রহণের জন্য **সংযুক্ত নির্দেশিকা অনুযায়ী** আগামী ১২ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে প্রতিনিধি মনোনয়নের তথ্য (নাম, পদবী, মোবাইল, ই-মেইল, প্রতিষ্ঠানের নাম) ই-মেইলে (forhad.zahid@a2i.gov.bd ও mehedi@ictd.gov.bd) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি:**
১। সূত্রস্থ স্মার্ট বাংলাদেশ উপ-কমিটির কর্ম-পরিকল্পনা প্রণয়ন বিষয়ে কর্মশালা আয়োজন সংক্রান্ত পত্র;
২। আগামী ১৯ থেকে ২১ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য কর্মশালায় অংশগ্রহণকারী প্রতিনিধি মনোনয়ন নির্দেশিকা;
৩। আগামী ১৪ ডিসেম্বর ২০২৩ তারিখে অনলাইন সভায় অংশগ্রহণকারী প্রতিনিধি মনোনয়ন নির্দেশিকা;
৪। সভা ও কর্মশালা সংক্রান্ত প্রয়োজনীয় পরামর্শ, তথ্য ও কারিগরি সহযোগিতা প্রদানকারী কর্মকর্তাগণের তথ্য।

১২-১২-২০২৩
ড. মুহম্মদ মেহেদী হাসান
যুগ্মসচিব
০২৪১০২৪০৪২
mehedi@ictd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**


১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ;
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়;
৩। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, শিল্প মন্ত্রণালয়;
৪। সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ;
৫। সচিব, সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ;
৬। সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;
৭। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, অর্থ মন্ত্রণালয়।;
৮। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ এবং
৯। সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ ।

**স্মারক নম্বর:** ৫৬.০০.০০০০.০৫৮.০৬.০০১.২২.১৩৩/১ (৬)

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
২। প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), প্রকল্প পরিচালকের দপ্তর, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম;
৩। যুগ্ম সচিব, সামষ্টিক অর্থনৈতিক নীতি বিশ্লেষণ ও পূর্বাভাস, অর্থ বিভাগ;
৪। একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রীর দপ্তর, অর্থ বিভাগ;
৫। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।



১২-১২-২০২৩
মোঃ নবীর উদ্দীন
সিনিয়র সিস্টেম এনালিস্ট

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সংযুক্তি-2 (Last)
(২) সংযুক্তি-3 (Last)
(৩) সংযুক্তি-৪
(৪) সংযুক্তি-1